

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬১৩

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(صحیح) عَنْ أَبِيْ هُرَیْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَیْهِ وَسَلَّمَ قَالَ یَعْقِدُ الشَّیْطَانُ عَلَى قَافِیَةِ رَأْسِ أَحَدِكُمْ إِذَا هُو نَامَ ثَلَاثَ عُقَدٍ یَضْرِبُ عَلَى كُلِّ عُقْدَةٍ عَلَیْكَ الشَّیْطَانُ عَلَی قَافِیَةِ رَأْسِ أَحَدِكُمْ إِذَا هُو نَامَ ثَلَاثَ عُقْدَةٌ فَإِنْ عَقْدَ یَضْرِبُ عَلَی كُلِّ عُقْدَةٌ فَإِنْ لَیْلٌ طَویِلٌ فَارْقُدْ فَإِنْ اسْتَیْقَظَ فَذَكَرَ اللَّهَ انْحَلَّتْ عُقْدَةٌ فَإِنْ تَوَضَیَّا انْحَلَّتْ عُقْدَةٌ فَإِنْ صَلَّى انْحَلَّتْ عُقَدُهُ فَأَصْبَحَ نَشِیطًا طَیِّبَ النَّفْسِ وَإِلَّا أَصْبَحَ خَبِیثَ النَّفْسِ كَسْلَانَ. رواه مالك والبخاري ومسلم وأبو داود والنسائي وابن ماجه

বাংলা

৬১৩. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "তোমাদের কোন ব্যক্তি রাত্রে নিদ্রা গেলে শয়তান তার কাঁধে তিনটি গিরা দেয়। প্রতিটি গিরা দেয়ার সময় ফুঁ দিয়ে বলে, এখনো দীর্ঘ রাত অবশিষ্ট। সুতরাং ঘুমিয়ে থাকো। সে যদি জাগ্রত হয়ে আল্লাহকে স্মরণ করে, তবে একটি গিরা খুলে যায়, ওযু করলে দ্বিতীয় গিরা খুলে যায়। আর নামায আদায় করলে সবগুলো গিরা খুলে যায়। তখন প্রফুল্ল ও পবিত্র মন নিয়ে তার ভোর হয়, অন্যথা অলস ও অপবিত্র মন নিয়ে তার ভোর হয়।"

(মালেক ১/১৭৬, বুখারী ১১৪২, মুসলিম ৭৭৬, আবু দাউদ ১৩৬০, নাসাঈ ৩/২০৩ ও ইবনে মাজাহ্ ১৩২৯ হাদীছটি বর্ণনা করেছেন)

(সহীহ্) ইবনে মাজাহর বর্ণনায় বলা হয়েছেঃ

فَيُصْبِحُ نَشِيطًا طَيِّبَ النَّفْسِ قَدْ أَصَابَ خَيْرًا وَإِنْ لَمْ يَفْعَلْ أَصْبَحَ كَسِلًا خَبِيثَ النَّفْسِ لَمْ يُصِب ْ خَيْرًا

''প্রফুল্ল ও পবিত্র মন নিয়ে তার সকাল হয় এবং সে প্রভূত কল্যাণ লাভ করে। আর এরূপ না করলে অলস ও অপবিত্র মন নিয়ে তার সকাল হয় আর কোন কল্যাণই সে লাভ করতে পারে না।''



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন